

# যে রোগে মারা গেলেন মেয়র আনিসুল

✎ একুশে টেলিভিশন

🕒 প্রকাশিত : ১৮:০৯, ৩ ডিসেম্বর ২০১৭





সেরিব্রাল ভাস্কুলাইটিস কেড়ে নিয়েছে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হককে। হঠাৎ করে আলোচনার কেন্দ্রবিন্দুতে তাই সেরিব্রাল ভাস্কুলাইটিস। যাকে আমরা চিনি মস্তিষ্কের রক্তনালীর প্রদাহ রোগ হিসেবে।

সেরিব্রাল ভাস্কুলাইটিস বা মস্তিষ্কের রক্তনালীর প্রদাহ রোগকে অনেকে স্ট্রোক ভেবে থাকেন। তবে আসলে কি সেরিব্রাল ভাস্কুলাইটিস স্ট্রোক? বিশেষ করে আমাদের মেয়র আনিসুল হক এই রোগে আক্রান্ত হয়ে লন্ডনের একটি হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্রে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেছেন। তাঁর এই আকস্মিক মৃত্যুর সেরিব্রাল ভাস্কুলাইটিস বিষয়টি সামনে আসে। আসুন, সেরিব্রাল ভাস্কুলাইটিস সম্পর্কে জেনে নিই।

সেরিব্রাল ভাস্কুলাইটিস নামক রোগটির অপর নাম সেন্ট্রাল নার্ভাস সিস্টেম ভাস্কুলাইটিস। মস্তিষ্কের রক্তনালীর সমস্যা হওয়া মাত্র মস্তিষ্কের রক্তনালীর রক্ত চলাচলের পথ ক্রমশ সরু হয়ে যায়। অনেক ক্ষেত্রে রক্ত সরবরাহ বাধাগ্রস্ত হয় অথবা রক্ত চলাচল বন্ধ হয়ে যায়। ফলে মস্তিষ্কের ওই এলাকাটি ক্ষতিগ্রস্ত বা ড্যামেজ হয়। অনেক ক্ষেত্রে মস্তিষ্কে রক্তক্ষরণের মত অনাকাঙ্ক্ষিত ঘটনাও ঘটে যেতে পারে।

যাদের সেরিব্রাল ভাস্কুলাইটিস হয় তাদের নানাবিধ নিউরোলজিক্যাল সমস্যা দেখা দিতে পারে যেমন- মাথাব্যথা, ত্বকে দানা বের হওয়া, সব সময় দুর্বল অনুভব করা, জয়েন্ট পেইন, চলাফেরা করতে কষ্ট হওয়া, অনুভূতি লোপ পাওয়া। এমনকি কখনো কখনো

আচরণগত সমস্যাও হতে পারে। সবচেয়ে উদ্বেগজনক দিক হচ্ছে প্রাথমিক পর্যায়ে সেরিব্রাল ভাস্কুলাইটিস কোনো ধরনের উপসর্গ ছাড়াই হতে পারে।

এছাড়া বিভিন্ন রোগের জটিলতা হিসাবেও সেরিব্রাল ভাস্কুলাইটিস হতে পারে। বিশেষজ্ঞগণ বলছেন, সেরিব্রাল ভাস্কুলাইটিস এক ধরনের বিরল রোগ। এ ধরনের রোগের ডায়াগনোসিসও বেশ দুরূহ। এছাড়া এধরনের রোগ থেকে নিজেকে রক্ষা করার কোনো পূর্ব প্রস্তুতিও নেওয়া কঠিন। তাই মস্তিষ্কের যে কোনো ধরনের সমস্যা অনুভূত হলে অবশ্যই চিকিৎসকের পরামর্শ নেওয়া উচিত।

এমজে/এআর